

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৬৪

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

اَلْفَصْلُ التَّنِفْ (بَابُ فَصَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَنَا قَائِدُ الْمُرْسَلِينَ وَلَا فَخْرَ وَأَنَا خَاتَمُ النَّبِيِّينَ وَلَا فَخْرَ وَأَنَا أَوَّلُ شَافِعٍ وَمُشَفَّع وَلَا فَخر» . رَوَاهُ الدَّارِمِيِّ

سنده ضعيف ، رواه الدارمى (1 / 27 ح 50) * فيه صالح بن عطاء بن خباب مجهول الحال وثقه ابن حبان وحده و للحديث شواهد صحيحة دون قوله :" انا قائد المرسلين " و الله اعلم ـ

(ضَعِيف)

বাংলা

৫৭৬৪-[২৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: (কিয়ামতের মাঠে অথবা জান্নাতে) আমি হব সকল নবীদের পরিচালক বা অগ্রগামী। এটা আমি অহংকারী হিসেবে বলছি না। আমি হলাম নবীদের আগমনের ধারাকে সমাপ্তকারী, এতে আমার কোন গর্ব নেই। আর আমিই হব সর্বপ্রথম সুপারিশময়ী এবং সর্বপ্রথম আমার সুপারিশ কবল করা হবে। এতে আমার কোন অহংকার নেই। (দারিমী)

ফুটনোট

য'ঈফ: দারিমী ৪৯, য'ঈফুল জামি' ১৩১৯, আল মু'জামুল আওসাত্ব ১৭০, সলিহ ইবনু 'আত্বা ইবনু জুনাব বানী দায়ল-এর মুক্ত দাস, ইবনু আবূ হাতিম আল জাহ ৩/৩৩১ নং তার পিতা থেকে বর্ণনা করেছেন, তবে তার একক জীবনী বর্ণনা করেনি। হিদায়াতুর রুওয়াত ৫/২৬৩।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (قَائِدُ الْمُرْسَلِينَ) "রাসূলদের কায়িদ" "কায়িদ। শব্দের অর্থ দলের পরিচালক বা নেতা। যিনি সর্বাগ্রে থেকে দলকে পরিচালনা করেন তাকে 'কায়িদ। বলা হয়। রাসূলুল্লাহ (সা.) কিয়ামত দিবসে সকল নবীর আগে থাকবেন এবং সবাই তাঁকে অনুসরণ করে চলবেন।

(أَنَا خَاتَمُ النَّبِيِّينَ) "আমি শেষ নবী।" তিনি যেমন শেষ নবী তেমন শেষ রাসূল। তার পরে না কোন নবী আসবেন, না রাসূল। কিন্তু শেষ রাসূল না বলে শেষ নবী বলার কারণ হলো, রসূলের চেয়ে নবী ব্যাপক। তাই শেষ নবী বলার মধ্যে নুবুওয়্যাত ও রিসালাতের সমাপ্তি পূর্ণরূপে প্রকাশ পায়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন